

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট
আইসিটি শাখা



জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:


সভাপতি	মোহাম্মদ আজিজুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২০-১১-২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময়	০১.৪৫ ঘটিকায়।
স্থান	জেলা প্রশাসন, বাগেরহাট-এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	জেলা প্রশাসক, বাগেরহাট এর সম্মেলন কক্ষ।

সভাপতি শুরুতে জেলা ইনোভেশন কমিটির সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনো প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ: সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।	১.১. কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়।	
২. সভাপতি মহোদয় সভায় ইনোভেশন উদ্যোগসমূহ যথাযথভাবে তদারকির মাধ্যমে প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার আহ্বান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	২.১. উদ্যোগসমূহ যথাযথ তদারকির মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং মোল্লাহাট উপজেলার ইনোভেশন প্রকল্পটির আলোকে সকল উপজেলায় ইনোভেশন প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ করেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট ও জেলা পর্যায়ের সকল অফিস প্রধান।
৩. সহকারী কমিশনার, আইসিটি সভায় জানান যে, বাগেরহাট জেলায় ইনোভেশন কার্যক্রমের গতি আরো বৃদ্ধি করে সুনির্দিষ্ট জনবান্ধব ইনোভেশন প্রকল্প গ্রহণ করে তা বাস্তবে রূপ দিতে হবে। পাশাপাশি চলমান প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উৎসাহ দান এবং সহযোগিতা প্রদানের জন্য নিজ নিজ দপ্তর হতে উদ্যোগ গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	৩.১. নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে এবং তা দ্রুত বাস্তবায়ন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট ও জেলা পর্যায়ের সকল অফিস প্রধান।

অতঃপর সভায় আর কোনো আলোচনাযোগ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বাগেরহাট।
- ৫) জেলা..... কর্মকর্তা (সকল), বাগেরহাট
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/বাগেরহাট/বাগেরহাট/মোংলা/রামপাল
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট



মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক